

# কর্মজীবী নারী

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০২/২০২১

মহোদয়

কর্মজীবী নারী'র পক্ষ থেকে সংগ্রামী শুভেচ্ছা!

কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল বিক্রেতা কিশোরী মীমের হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীর সর্বোচ্চ শাস্তির দাবীতে 'কর্মজীবী নারী' আগামীকাল ২ ফেব্রুয়ারি, ২০২১ মঙ্গলবার বিকাল ৪.৩০ টায় কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করতে যাচ্ছে। উক্ত বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করবেন কর্মজীবী নারীর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক সানজিদা সুলতানা।

বিক্ষোভ সমাবেশে সংহতি জানিয়ে উপস্থিত থেকে বক্তব্য রাখবেন মানবাধিকার কর্মীসহ নারী ও নারীশ্রমিক নেত্রীবৃন্দ। এই বিক্ষোভ সমাবেশে আপনার উপস্থিতি ও সংহতি এই আন্দোলনকে আরও জোরালো করবে বলে আশা রাখি।

আয়োজন : বিক্ষোভ সমাবেশ  
বিষয় : কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল বিক্রেতা কিশোরী মীমের হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীর সর্বোচ্চ শাস্তির দাবীতে 'কর্মজীবী নারী'র বিক্ষোভ সমাবেশ  
তারিখ, স্থান ও সময় : ০২ ফেব্রুয়ারি ২০২১, মঙ্গলবার, বিকাল ০৪:৩০ টায় কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকা

আপনাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ।

ধন্যবাদ

সানজিদা সুলতানা

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

কর্মজীবী নারী

যোগাযোগ: রাজীব আহমেদ (০১৭২৬২৯১৬৬৪)

আল-জাহিদ (০১৬৮৬১৬০৬২৯)